

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১৬ (কারিগরি-২)

নং-শিম/শাঃ১৬/স্বীকৃতি(কমিটি)৬-৬/২০১০(অংশ-১)/১০

তারিখ : ১১ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারী ২০১৩ খ্রিঃ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন হেলথ/মেডিক্যাল টেকনোলজি কোর্সের প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি প্রদান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ১০/১২/২০১২ তারিখে অনুষ্ঠিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের প্রাথমিক অনুমতি/স্বীকৃতি প্রদান/কোটা শর্ত শিথিল সংক্রান্ত কমিটির ১০ম সভার সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোটার শর্ত শিথিলপূর্বক নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহে নিম্ন বর্ণিত শর্তে ডিপ্লোমা ইন হেলথ/মেডিক্যাল টেকনোলজি কোর্সের প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	অনুমতির ধরণ	মন্তব্য
১	রংপুর প্যারামেডিক ইন্সটিটিউট, হাজীরহাট, রংপুর।	প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি	পাঠদানের অনুমতি প্রদানের পূর্বে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।
২	বেসিক ইন্সটিটিউট অব মেডিকেল টেকনোলজি, ৩২/এ সেহড়া(ঢাকা রোড), ময়মনসিংহ।	প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি	পাঠদানের অনুমতি প্রদানের পূর্বে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।
৩	শহীদ সেকেন্দার মেমোরিয়াল প্যারামেডিক্যাল ইনস্টিটিউট, বাগমারা, রাজশাহী।	প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি	পাঠদানের অনুমতি প্রদানের পূর্বে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।
৪	প্রফেসর বশির-খোদেজা মেডিক্যাল টেকনোলজি ইনস্টিটিউট, লাকসাম, কুমিল্লা।	প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি	পাঠদানের অনুমতি প্রদানের পূর্বে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।

**শর্তসমূহ :**

- ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/১১/২০১১ তারিখের শিম/শাঃ ১৩/এমপিও-১২/২০০৯(অংশ)/৩৯৬ নং প্রজ্ঞাপন মোতাবেক প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রাপ্তির বিপরীতে নিযুক্ত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। তাদের বেতন-ভাতা সরকার বহন করবে না।
- খ) প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে এবং “এমপিও দাবী করা হবে না” মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মুচলেকা কারিগরি শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে।
- গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নীতিমালার আলোকে সকল শর্তাদি পূরণ করে কিনা বিশেষ করে ভূমি, ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি, ল্যাব সুবিধা যাচাই সাপেক্ষে কারিগরি শিক্ষা বোর্ড প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি প্রদান করবে। নীতিমালায় বর্ণিত শর্তাদির কোন ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সার্বিকভাবে কারিগরি শিক্ষা বোর্ডের উপর বর্তাবে।
- ২। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, ঢাকা।

  
মোঃ তাজুল ইসলাম  
উপ-সচিব  
ফোনঃ ৯৫ ৬৪ ৫৫২

নং-শিম/শাঃ১৬/স্বীকৃতি(কমিটি)৬-৬/২০১০(অংশ-১)/১০

তারিখ : ১১ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারী ২০১৩ খ্রিঃ

**অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):**

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, -----।

মোঃ তাজুল ইসলাম  
উপ-সচিব